

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯২০

পর্ব-৬: যাকাত (১৯১১)।

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাকার মর্যাদা

আরবী

وَعَن ابْن عَبَّاس قَالَ ك سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَا مِنْ مُسْلِمٍ كَسَا مُسْلِمًا ثَوْبًا إِلَّا كَانَ فِي حفظ من الله مادام عَلَيْهِ مِنْهُ خرقَة» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذي

বাংলা

১৯২০-[৩৩] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে মুসলিম ব্যক্তি অন্য কোন মুসলিম ব্যক্তিকে কাপড় পরাবে, সে আল্লাহ তা'আলার হিফাযাতে থাকবে যতদিন ওই কাপড়ের একটি টুকরা তাঁর পরনে থাকবে। (আহমাদ, তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আত্ তিরমিয়ী ২৪৮৪, য'ঈফ আত্ তারগীব ১২৭৮, য'ঈফ আল জামি' আস্ সগীর ৫২১৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: দানকৃত কাপড়ের এক টুকরাও গায়ে থাকার অর্থ হলো কাপড়িট নষ্ট হওয়া পর্যন্ত। হাদীসটিতে বর্ণিত আল্লাহর হিফাযাত বলতে পার্থিব জগতের হিফাযাতকে উদ্দেশ্য করা হয়েছে। পরকালে এর অগণিত ও অপরিমেয় সাওয়াব রয়েছে। হাদীসে মুসলিম ব্যক্তিকে কাপড় পরিধান করানোর কথা বলায় বুঝা যায় কেউ যদি কোন অমুসলিম যিম্মীকে কাপড় পরিধান করায় তাহলে তার জন্য বর্ণিত অঙ্গীকার প্রযোজ্য হবে না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন